গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়,ঢাকা সেনানিবাস
প্রশাসন শাখা
www.dmlc.gov.bd

নং: ২৩.২২.০০০০.০১১.৩২.০৯৬.১৭- ৮৯৭

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: ১০-২৬ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্নক সহযোগিতা।

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-২৩.০০.০০০০.১৫০.১৬.০৫০.২৪-২১৩ তারিখ: ১৯ নভেম্বর ২০২৪ এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আধা-সরকারি পত্র নং-৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪২৩।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এসঙ্গে প্রেরণ করা হলো। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আধা-সরকারি পত্রের মর্মার্থ অনুযায়ী ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/কর্মচারীকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি বর্ণনামতে মোট ০২ পাতা।

২৭.১১.২৪
(আসমা মোজাম্মেল)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৮৭১৫৬৯৫
E-mail: adadmn@dmlc.gov.bd

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা/চট্টগ্রাম/সাভার/কুমিল্লা/গাজীপুর/রংপুর/যশোর/বগুড়া/সৈয়দপুর/
রাজশাহী/কাদিরাবাদ/জাহানাবাদ/জালালাবাদ/ মোমেনশাহী/
শহীদ সালাহ্ উদ্দিন সেনানিবাস, ঘাটাইল/রামু/
শেখ হাসিনা সেনানিবাস ও শহীদ মাহবুব সেনানিবাস, পার্বতীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে।

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়।
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও,
শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-১৫ শাখা
গণভবন কমপ্লেক্স
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

ই-মেইলে প্রাপ্ত

নম্বর: ২৩.০০.০০০০.১৫০.১৬.০৫০.২৪-২১৩ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩১/১৯ নভেম্বর ২০২৪

**বিষয়: ১০-২৬ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্মক সহযোগীতা**

সূত্র: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আধা-সরকারি পত্র নং: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪২৩, তারিখ: ১৩ নভেম্বর ২০২৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এসঙ্গে প্রেরণ করা হলো। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আধা-সরকারি পত্রের মর্মার্থ অনুযায়ী ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/কর্মচারীকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পৃষ্ঠা।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৮১৫২৬২২
E-mail: d15@mod.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
২। সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪। মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫। কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
৬। মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা
৭। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
৮। কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা
৯। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা
১০। সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
১১। চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা
১২। সেনাসদর, জিএস শাখা, এসডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৩। নৌসদর, পরিকল্পনা পরিদপ্তর, বনানী, ঢাকা
১৪। বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৫। প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৬। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
১৭। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা
১৮। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৯। পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা
২০। পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
২১। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
২২। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা
২৩। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২৪। পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
২৫। অধিনায়ক, এমওডিসি, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর
২৬। উপসচিব, ডি-১১ শাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব (উপসচিব), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। অনুবিভাগ প্রধান (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অনুবিভাগ প্রধান মহোদয়গণের সদয় অবগতির জন্য)
৩। অফিস কপি/মাস্টার কপি

CamScanner

মোঃ মাহবুব হোসেন
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ফোনঃ ৫৫০০৭৩৭৩
মোবাইলঃ ০১৩০৯০১১৩৩৩
ই-মেইলঃ secy@sid.gov.bd

PRIORITY

আধা-সরকারি পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪২৩

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। এসব শুমারি ও জরিপের মাধ্যমে প্রণয়নকৃত পরিসংখ্যান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দু'টি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি। ৪র্থ অর্থনৈতিক শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশের অর্থনীতির সামগ্রিক চিত্র উঠে আসবে।

০২। ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্তসমূহ ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। শুমারির গণনা এলাকার ম্যাপ প্রস্তুতের পাশাপাশি ইতোমধ্যে দেশের ১ কোটি ২২ লক্ষের অধিক অর্থনৈতিক ইউনিট তালিকাভুক্ত করা হয়েছে। সারাদেশে প্রায় ৯৫,০০০ তথ্যসংগ্রহকারী, ১৯,০০০ সুপারভাইজার, ২,৬০০ আইটি সুপারভাইজার এবং ২,৬০০ জোনাল অফিসার প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী অস্থায়ীভাবে এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। এ কার্যক্রম বিবিএস কর্তৃক পরিচালনা করা হলেও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার কর্মচারীগণও নিয়োজিত রয়েছেন। জাতীয় গুরুত্বপূর্ণ এ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও এর অধীন সংস্থার কর্মচারীগণের সর্বাত্মক সহযোগিতা একান্ত আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও এর অধীন সংস্থার কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

| ডাঃ নং | |
|---|---|
| তারিখ | |
| সময় | |
| শাখা | তি-৬/তি-১১/ তি-১৪/তি-১৫/তি-১৭/ তি-২৪/প্রি শা/আইটি |
| | যুগ্মসচিব (অনু-২) |

আন্তরিকভাবে আপনার

মোঃ মাহবুব হোসেন

জনাব মোঃ আশরাফ উদ্দিন
সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

| প্রতিরক্ষা মন্ত্রণালয় | |
|---|---|
| ডায়রি নং: | ২৪৪ |
| তারিখ: | |
| সময়: | ৩:৪৫ |
| স্বাক্ষর: | |

CS CamScanner